

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৮.৪৭.০১৫.২১.২৮৫

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮

১২ অক্টোবর ২০২১

বিষয়: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

সূত্র: তথ্য অধিকার বিষয়ে পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত নির্দেশিকার পরিপ্রেক্ষিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নিম্নবর্ণিত ছকে নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়ন অগ্রগতি
[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান	[১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকৃত	জুলাই-সেপ্টেম্বর/২০২১ সময়ে তথ্য প্রাপ্তির কোন আবেদন পাওয়া যায়নি।
[১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	[১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত	স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য নিম্নোক্ত তথ্যসমূহ হালনাগাদ করে এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (সংযুক্তি-১)।
[১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ	[১.৩.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশিত	বার্ষিক প্রতিবেদন প্রকাশের নিমিত্ত গঠিত কমিটি কাজ করছে।
[১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটাগল তৈরি/ হালনাগাদকরণ	[১.৪.১] তথ্যের ক্যাটাগরি ও ক্যাটাগল প্রস্তুতকৃত/ হালনাগাদকৃত	তথ্যের ক্যাটাগরি ও ক্যাটাগল প্রস্তুত/হালনাগাদকরণের বিষয়ে মাসিক সমন্বয় সভায় আলোচনা হয়েছে। সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের সকল শাখা/অধিশাখা তথ্যের ক্যাটাগরি ও ক্যাটাগল প্রস্তুতপূর্বক শুল্ক অধিশাখায় প্রেরণ করবে। যা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করা হবে।
[১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	[১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন	তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের বিষয়ে জুলাই-সেপ্টেম্বর/২০২১ সময়ে কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।
[১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন	[১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত	তথ্য অধিকার বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ০১টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে (সংযুক্তি-২ ও সংযুক্তি-৩)।

সংযুক্তি: ২৮ (আটাশ) পৃষ্ঠা।



১২-১০-২০২১

মো: আহসান হাবিব

উপ সচিব

ফোন: ০২-৯৫৪৫১৮৮

সচিব, সমন্বয় ও সংস্কার

সমন্বয় ও সংস্কার

মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, তথ্য অধিকার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৮.৪৭.০১৫.২১.২৮৫/১(৩)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮
১২ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ২) উপ সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (শুল্ক) এর দপ্তর, শাখা-৪ (শুল্ক-মূসক), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



১২-১০-২০২১

মো: আহসান হাবিব

উপ সচিব